

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানি-৭ শাখা

[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)

নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০০৫.১৭

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৪  
২৭ জুলাই ২০১৭


বিষয়ঃ ১৩-১৪ অক্টোবর ২০১৭ সময়ে “showcase Korea 2017” শীর্ষক বাণিজ্য মেলা আয়োজনের অনুমতি প্রদান।

সূত্র : KOREA-BANGLADESH CHAMBER OF COMMERCE & INDUSTRY এর স্মারক KBCCI/TF/001/127 তারিখঃ ১২ জুন ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কোরিয়া-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ঢাকাস্থ দক্ষিণ কোরিয়া দূতাবাসের সহযোগিতায় আগামী ১৩-১৪ অক্টোবর ২০১৭ সময়ে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, ঢাকায়, showcase korea-2017 শীর্ষক বাণিজ্য মেলা আয়োজনের অনুমতি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তাবলি:

- ক. আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;
  - খ. মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;
  - গ. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি নীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন করা যাবে না;
  - ঘ. মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;
  - ঙ. আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম মেলায় প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম বিদ্যমান “আমদানি নীতি আদেশ” অনুসরণ করে আমদানি করতে হবে;
  - চ. স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;
  - ছ. মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং
  - জ. বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।
- ২। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
(রুখসানা হাসিন) 29/9/2017

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৯৬২৬

[export7@mincom.gov.bd](mailto:export7@mincom.gov.bd)

জনাব মোস্তফা কামাল

সভাপতি

কোরিয়া-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ফ্রেস ভিলা (লেভেল-৪), হাউজ নং#১৪ রোড নং# ৩৪, গুলশান-১, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা ঢাকা।
২. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৩. জেলা প্রশাসক, ঢাকা।
৪. ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী, রমনা, ঢাকা-১০০০।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব আবু সালেহ মোহাম্মদ ইমরান, সদস্য সচিব, ওয়েবসাইট ও ট্রেড পোর্টাল হালনাগাদকরণ কমিটি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।